Cordaid

# নিউজ লেটার

জানুয়ারী - এপ্রিল ২০১৩

concern universal

# সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি হ্রাস কর্মসূচী

*লক্ষ্য*

বাগেরহাট ও খুলনা জেলার অভিষ্ট উপজেলার দুর্যোগ সহনীয় কমিউনিটি তৈরী যাদের দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ ও জলবায়ু পরিবর্তনজনীত অভিযোজন কৌশল, জীবন-জীবিকা, স্যানিটেশন, কৃষি, পানি সম্পর্কিত বিষয়সমূহ এর উপর জ্ঞান দক্ষতা অনুশীলনের উপর বাস্তব ধারণা থাকবে ।

*উদ্দেশ্যসমূহ*

সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ ও জলবায়ু পরিবর্তন অভিযোজন বিষয়ে লক্ষিত জনগোষ্ঠী ও স্থানীয় প্রতিষ্ঠানসমূহের সচেতনতা এবং সক্ষমতা বৃদ্ধি ।

পানি, কৃষি ও বাজারজাতকরণ বিষয়ে অভিজ্ঞতা সমৃদ্ধিকরণের মাধ্যমে কমিউনিটির নিরাপদ পানির সুবিধা ও জীবন জীবিকার উন্নয়ন ।

কমিউনিটির চাহিদার উপর ভিত্তি করে কমিউনিটির মাধ্যমে স্থানীয় সরকার, প্রশাসন ও সেবাপ্রদানকারী সংস্থা বা প্রতিষ্ঠানের সাথে লিংকেজ প্রতিষ্ঠা করে সম্পদ সংগ্রহ অবকাঠামো উন্নয়ন করা ।

*সমাজ পরিচালিত দুর্যোগ ঝুকিহ্রাস দর্শন*

এই প্রকল্পের এ্যাক্টিভিটিগুলো সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ দর্শনে নির্ধারিত করা হয়েছে ।

*সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ বা সিএমডিআরআর অর্থ হলো স্থানীয় জনসাধারণ নিজেরাই প্রকল্প বাস্তবায়ন প্রক্রিয়া পরিচালনা করে নিজেদের ঝুকি নিরসনে দলবদ্ধভাবে কাজ করবে যেখানে বাইরের সংস্থা পথ প্রদর্শক হিসেবে কাজ করবে ।*

## সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কি?

একই ধরণের সমাজে বসবাসকারী একই রকমের দুর্যোগ ঝুঁকিতে পতিত জনগোষ্ঠীকে তাদের দুর্যোগ ঝুঁকি হ্রাসে একত্রিত করে পদক্ষেপ গ্রহণের পদ্ধতিই হলো সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা ।

সমাজ পরিচালিত দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা দুর্যোগ ব্যবস্থাপনার অন্যসব বিষয় থেকে অনেকটাই আলাদা । এটি কমিউনিটি পর্যায় থেকেই শুরু এবং দুর্যোগ ঝুঁকি বিষয়ে কমিউনিটি সদস্যদের সক্ষমতা বৃদ্ধি করা । বস্তুতঃ এটি কমিউনিটিতে বাস্তবায়ন করা নয়, বরং কমিউনিটির মানুষ নিজেরাই ঝুঁকি নিরসনের পথ খুঁজে পেতে নের্তৃত্ব দেন । অর্থাৎ ঝুঁকিতে থাকা কমিউনিটি এবং ব্যাক্তি পর্যায়ে তাদের নিজস্ব সম্পদ, সক্ষমতা ও অভিজ্ঞতা দিয়ে আপদ প্রশমনে নিজেদের প্রস্তুত করে ।

## পরিকল্পনা সভা ঃ

প্রকল্পের শুরুতেই কর্ম এলাকা খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শরাফপুর ও সাহস ইউনিয়ন এবং বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার রায়েন্দা ও সাউথখালী ইউনিয়নে সুষ্ঠুভাবে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য আশ্রয় ফাউন্ডেশন এর প্রধান কার্যালয়ে পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয় । সভায় সংস্থার নির্বাহী পরিচালক জনাব মমতাজ খাতুন সভাপতিত্ব করেন ।
সভায় প্রশাসনিক কর্মকর্তা জনাব আনোয়ার আহমেদ, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রাম কো-অর্ডিনেটর, জনাব বনশ্রী ভান্ডারী, ডিআরআর ও সিসিএ প্রধান জনাব মোঃ শামসুজ্জামান, প্রোগ্রাম মনিটরিং অফিসার জনাব শেখ আল হেলাল, জনাব মোঃ আমিনুল ইসলাম (শ্যামল) প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও ফলাফল অর্জনে বাস্তবায়নের ধরণ ও প্রক্রিয়া এবং বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও মূল্যায়ন নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

## কর্মী প্রশিক্ষণ ঃ



প্রকল্প প্রস্তাবনা অনুযায়ী কর্মী নিয়োগ সম্পন্নের পর তাদেরকে প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য, কার্যক্রম এবং দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সংস্থার প্রধান কার্যলয়ে ৩ (তিন) দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনা করা হয় । আশ্রয় ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক জনাব মমতাজ খাতুন, প্রশাসনিক কর্মকর্তা জনাব আনোয়ার আহমেদ, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মোঃ শফিকুল ইসলাম, সহকারী প্রোগ্রাম কো-অর্ডিনেটর, বনশ্রী ভান্ডারী, ডিআরআর ও সিসিএ প্রধান মোঃ শামসুজ্জামান প্রশিক্ষণ পরিচালনায় অংশগ্রহণ করেন ।

প্রধান সম্পাদক ঃ মমতাজ খাতুন
সম্পাদক ঃ আনোয়ার আহমেদ
সম্পাদনা সহযোগী ঃ মোঃ আমিনুল ইসলাম, মোঃ মিজানুর রহমান ও জি.এম মইনুল ইসলাম
অক্ষর বিন্যাস ও অঙ্গসজ্জা ঃ মোঃ লুৎফর রহমান

Ashroy Foundation

প্রকাশনায় ঃ
কর্ডএইড-এর অর্থায়নে কনসার্ন ইউনিভার্সেল বাংলাদেশর-এর সহযোগিতায় আশ্রয় ফাউন্ডেশন পরিচালিত "সিএমডিআরআর প্রোগ্রাম আশ্রয় ফাউন্ডেশন" প্রকল্পের একটি প্রকাশনা ।

## সিএমডিআরআর কমিটি গঠন ঃ




সিএমডিআরআর প্রোগ্রাম আশ্রয় ফাউন্ডেশন প্রকল্পের আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়নের ৬, ৭ ও ৯ নম্বর ওয়ার্ড এবং সাহস ইউনিয়নের ৩, ৬ ও ৯ নম্বর ওয়ার্ড নির্বাচন ও প্রতিটি ওয়ার্ডে সিএমডিআরআর কমিটি গঠণ করা হয়।

অন্যদিকে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়নের ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড এবং সাউথখালী ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের প্রত্যেকটিতে একটি করে সিএমডিআরআর কমিটি গঠন করা হয়েছে। সকল কমিটিতেই সংশ্লিষ্ট এলাকার সকল পেশার জনসাধারন এর উপস্থিতি এবং তাদের মতামতের ভিত্তিতে সাধারণ সদস্য ৬৩ জন এবং কার্যনির্বাহী ২১ সদস্য বিশিষ্ট সিএমডিআরআর কমিটি গঠন করা হয়।

শরণখোলার রায়েন্দা ইউনিয়নে আয়োজিত কমিটি গঠন কর্মসূচীতে কনসার্ন ইউনিভার্সেল বাংলাদেশ-এর Organizational Development and Education প্রধান জনাব আব্দুল হামিদ উপস্থিত থেকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

পরবর্তীতে কমিটি সমূহের পৃথক পৃথক সভায় প্রকল্পের কার্যক্রম বিশেষ করে দুর্যোগ সহনশীল ঘর, টয়েলেট, পুকুর খনন ও কেঁচো কম্পোজ সার তৈরীর পরিকল্পনা ও স্থান নির্ধারনে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

## দুর্যোগ ঝুঁকি নিরূপণ ঃ

সিএমডিআরআর প্রোগ্রাম আশ্রয় ফাউন্ডেশন প্রকল্পের আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়নের ৬, ৭ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাহস ইউনিয়নের ৩, ৬ ও ৯ নম্বর ওয়ার্ড এবং বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়নের ৩, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাউথখালী ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের প্রত্যেকটিতে ট্রানজিট ওয়ার্ক ও এফজিডির মাধ্যমে কমিউনিটি ঝুঁকি নিরূপন করা হয়েছে এবং এলাকার সকল পেশার প্রতিনিধিদের উপস্থিতি এবং তাদের মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট এলাকার বর্তমান সমস্যাসমূহ, ঝুঁকির ধরণ, বছরের কোন সময় কি ধরণের ঝুঁকি বেশী, এলাকার সামাজিক মানচিত্র, জীবন ও জিবীকার বর্তমান অবস্থা, শিক্ষার বর্তমান অবস্থা, স্বাস্থ্য সেবার বর্তমান অবস্থা, প্রতিবন্ধীদের বর্তমান অবস্থা এবং নারী ও শিশুদের ঝুঁকি নিরূপন করা হয়েছে। সব ক্ষেত্রেই জনগণ স্বতস্ফুর্ত অংশগ্রহণের মাধ্যমে ঝুঁকি নিরূপণ কার্যক্রম বাস্তবায়ন করেন।

শরণখোলা উপজেলার রায়েন্দা ও সাউথখালী এবং ডুমুরিয়া উপজেলার সাহস ইউনিয়নে আয়োজিত ঝুঁকি নিরূপণ কর্মসূচীতে কনসার্ন ইউনিভার্সেল বাংলাদেশ-এর Organizational Development and Education প্রধান জনাব আব্দুল হামিদ উপস্থিত থেকে এলাকা পরিদর্শন ও ঝুঁকি নিরূপণ মানচিত্র প্রণয়নে অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করেন।






## মাসিক কর্মীসভা ঃ

প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি এবং কার্যক্রম বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা ও করণীয় দিক নির্দেশনা লাভের জন্য প্রতি মাসে প্রকল্পের কর্মীদের সমম্বয়ে মাসিক কর্মী সভার আয়োজন করা হয়। বিগত জানুয়ারী-এপ্রিল মেয়াদে মোট ৩টি কর্মীসভা অনুষ্ঠিত হয়। প্রধান কার্যালয় আয়োজিত মাসিক কর্মীসভা সমূহে আশ্রয় ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক জনাব মমতাজ খাতুন, প্রশাসনিক কর্মকর্তা জনাব আনোয়ার আহমেদ, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা মোঃ শফিকুল ইসলাম, প্রোগ্রাম মনিটরিং অফিসার শেখ আল হেলাল, প্রকল্প সমম্বয়কারী মোঃ আমিনুল ইসলাম (শ্যামল), উপজেলা প্রকল্প সমম্বয়কারী জি এম মঈনুল ইসলাম ও মোঃ মিজানুর রহমান এবং ডকুমেন্টেশন অফিসার মোঃ লুৎফর রহমান উপস্থিত ছিলেন।

## অবহিতকরণ সভা ঃ

সিএমডিআরআর প্রোগ্রাম আশ্রয় ফাউন্ডেশন প্রকল্পের অবহিতকরণ সভা খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শহীদ জবায়েদ আলী অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জনাব গাজী আব্দুল হাদী, বিশেষ অতিথি ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব রঞ্জিত কুমার সরদার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শোভা রানী হালদার, শরাফপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, জনাব মোঃ রবিউল ইসলাম রবি, সাহস ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মাহবুবুর রহমান। সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ কামরুল হাসান। সভায় আশ্রয় ফাউন্ডেশন-এর নির্বাহী পরিচালক জনাব মমতাজ খাতুন প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য এবং প্রকল্প এলাকায় দুর্যোগ সহনীয় কমিউনিটি তৈরীর মাধ্যমে দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ ও জলবায়ু পরিবর্তনজনীত অভিযোজন কৌশল, জীবন-জীবিকা, পানি, স্যানিটেশন ও কৃষি বিষয়ের উপর লাগসই দক্ষতা অর্জনে গৃহীত কর্মসূচী উপস্থাপন করেন।







অন্যদিকে বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার অফিসার্স ক্লাবে আয়োজিত অবহিতকরণ সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার জনাব কে এম মামুনউজ্জামান। বিশেষ অতিথি ছিলেন জনাব মোঃ আসাদুজ্জামান মিলন, চেয়ারম্যান, রায়েন্দা, জনাব মোঃ মোজাম্মেল হোসেন, চেয়ারম্যান, সাউথখালী। সভাপতিত্ব করেন শরণখোলা উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোঃ কামাল উদ্দিন আকন। সভায় প্রকল্পের বিভিন্ন বিষয় উপস্থাপন করেন প্রকল্প সমন্বয়কারী জনাব আমিনুল ইসলাম শ্যামল।

## কমিউনিটি কর্মপরিকল্পনা ঃ




কর্ম এলাকার প্রতিটি ওয়ার্ডে ১টি করে সিএমডিআরআর কমিটি গঠণ করা হয়েছে এবং প্রত্যেকটি কমিটির ১টি বাৎসরিক কর্ম পরিকল্পনা রয়েছে। যা সংশ্লিষ্ট এলাকার জনগণ নিজ উদ্যোগে নিজস্ব সম্পদ ও অর্থের মাধ্যমে বাস্তবায়ন করবে। দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি হ্রাসের মাধ্যমে একটি সহনশীল সমাজ বিনির্মাণে এই কমিটি সকল সময়ই তৎপর রয়েছে। সিএমডিআরআর কমিটি নিজেরা নিজেদের এলাকার সমস্যা সমূহ চিহ্নিত এবং সমাধানের জন্য লাগসই অভিযোজন বাস্তবায়নের পরিকল্পনা করেছে এবং ইতোমধ্যে তারা বিভিন্ন স্থানে পরিকল্পনা অনুযায়ী কার্যক্রমও শুরু করেছে।




## ইউডিএমসি এর সাথে সভা ঃ

প্রকল্পের কর্ম এলাকা ডুমুরিয়া উপজেলার শরাফপুর ও সাহস ইউনিয়ন এবং শরণখোলা উপজেলার রায়েন্দা ও সাউথখালী ইউনিয়নে ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (ইউডিএমসি) সদস্যদের সাথে প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। একই সাথে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন পরিকল্পনা, অগ্রগতি ও কমিউনিটির সদস্যদের সম্পৃক্ততা নিয়ে পৃথক পৃথক মতবিনিময় সভার আয়োজন করা হয়। সভায় ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির (ইউডিএমসি) সদস্য, স্থানীয় সরকার ও উক্ত প্রকল্পের কর্মীগণ উপস্থিত ছিলেন। সভায় দুর্যোগ ও জলবায়ু ঝুঁকি প্রশমনে সমন্বিত উদ্যোগ গ্রহণ ও জনসচেতনতা বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।

## দিবস উদযাপন ঃ

জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস উপলক্ষে ২৮ মার্চ ২০১৩ ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়ন এবং শরণখোলা উপজেলা সদরে র‍্যালী ও আলোচনা সভার আয়োজন করা হয়। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "সকল দুর্যোগে প্রস্তুতি, হ্রাস করবে দুর্গতি"। দিবসটি উপলক্ষ্যে শরণখোলা উপজেলা সদরে বর্ণাঢ্য র‍্যালী এবং অফিসার্স ক্লাবে উপজেলা প্রশাসন আয়োজিত আলোচনা সভায় অংশগ্রহণ করা হয়। অন্যদিকে ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়নে আয়োজিত র‍্যালীটি ইউনিয়নের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে স্থানীয় বানিয়াখালী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে আলোচনা সভায় মিলিত হয়। উভয় স্থানে র‍্যালী ও আলোচনা সভায় প্রশাসন, স্থানীয় সরকার, উন্নয়ন সংগঠন, শিক্ষক-শিক্ষিকা, ছাত্র-ছাত্রী, গণমাধ্যম কর্মী, স্বেচ্ছাসেবক, গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকার জনসাধারণ অংশগ্রহণ করেন।







## পট সঙ্গীত পরিবেশনা ঃ

সিএমডিআরআর প্রোগ্রাম আশ্রয় ফাউন্ডেশন প্রকল্পের আওতায় খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়নের ৬,৭ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাহস ইউনিয়নের ৩, ৬ ও ৯ নম্বর ওয়ার্ড এবং বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়নের ৩, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাউথখালী ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের প্রত্যেকটিতে দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয় পট সঙ্গীত পরিবেশিত হয়। প্রতিটি অনুষ্ঠানেই বিপুল সংখ্যক মানুষ উপস্থিত থেকে তা উপভোগ এবং দুর্যোগে করণীয় সম্পর্কে ধারণা লাভ করেন। উল্লেখ্য, প্রতিটি ওয়ার্ডে আয়োজিত পট সঙ্গীত অনুষ্ঠানে স্থানীয় সরকার প্রতিনিধি, সিএমডিআরআর কমিটির সদস্যগণ, গণমাধ্যম কর্মীসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

## উঠান বৈঠক ঃ

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলার শরাফপুর ইউনিয়নের ৬,৭ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাহস ইউনিয়নের ৩, ৬ ও ৯ নম্বর ওয়ার্ড এবং বাগেরহাট জেলার শরণখোলা উপজেলার রায়েন্দা ইউনিয়নের ৩, ৮ ও ৯ নম্বর ওয়ার্ড ও সাউথখালী ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের প্রত্যেকটিতে দুর্যোগ ঝুঁকি হ্রাস বিষয়ক উঠান বৈঠক কর্মসূচী অব্যাহত রয়েছে। এ পর্যন্ত অনুষ্ঠিত উঠান বৈঠক সমূহে অংশগ্রহণকারীদের দুর্যোগ ও জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি নিরসনে করনীয় সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করা হয়। অংশগ্রহণকারী নারীগণও প্রতিটি উঠান বৈঠকেই আশানুরূপ আগ্রহ প্রকাশ ও সাড়া প্রদান করেন। উঠান বৈঠকসমূহে দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীন এবং দুর্যোগ পরবর্তী করণীয় এবং জলবায়ু পরিবর্তনজনিত অভিযোজন সম্পর্কে আলোচনা করা হয়। এছাড়া দুর্যোগ ঝুঁকি হ্রাসে নারী সমাজের ভূমিকা ও স্থানীয় সম্পদের ব্যবহার সম্পর্কে আলোচনা করা হয়।







প্রকাশনায় ঃ আশ্রয় ফাউন্ডেশন
১৬ আহসান আহমেদ রোড, খুলনা-৯১০০, বাংলাদেশ। টেলিফোন ও ফ্যাক্স: +৮৮ ০৪১ ৮১২১১৩
E-mail: ashroy.foundation@gmail.com, Web: www.ashroyfoundation.org